আল্লাহ যখন কোন বান্দাকে কোথাও মৃত্যু দান করতে চান তখন সেখানে তার জন্য কোন প্রয়োজন সৃষ্টি করেন।

আবূ ‘ইয্যা আল-হুযালী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আল্লাহ যখন কোন বান্দাকে কোথাও মৃত্যু
দান করতে চান তখন সেখানে তার জন্য কোন প্রয়োজন সৃষ্টি করেন।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ আত-ত্বয়ালিসী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

আল্লাহ তা‘আলা যখন তার কোন বান্দাকে কোনো নির্দিষ্ট ভূমিতে মৃত্যু দান করতে চান অথচ সে সেখানে নেই, তখন সেখানে তার জন্য কোন প্রয়োজন সৃষ্টি করেন। যখন সে তার প্রয়োজন পূরণ করতে সেখানে যায় তখন আল্লাহ তা‘আলা সেখানে তার মৃত্যু দান করেন। মহান আল্লাহ বান্দার জন্য যা নির্ধারণ করেন ও যা কিছু তার তাকদীরে লিপিবদ্ধ করেন তা তাঁর নির্ধারিত লেখা অনুযায়ীই সংঘটিত হবে। আর এটিই হচ্ছে আল্লাহর ফয়সালা ও তাকদীরের ওপর ঈমান।

https://sunnah.global/hadeeth/bn/show/11202